গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১৫১১.২০১৭(২)-৩৯৪৭ তারিখ ঃ ১৯ /০৬/২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

প্রধানমন্ত্রীর কার্যালয়

সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ ২০১৬-১৭ অর্থ বছরে খাদ্যশস্যের পরিবর্তে ব্যারাক নির্মাণের নিমিত্তে মাটির কাজের ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকের অনুকূলে অর্থ বরাদ্দ।

সূত্র ০৭.০০.০০০০.১০৩.২০.০০৯.১৩-১০২, তারিখ ১২/০৩/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আমি নিম্নলিখিত প্রকল্পগ্রামের মাটির কাজের ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসক, চাঁদপুরের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি ঃ

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	অনুমোদিত গমের পরিমাণ	পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ	বর্তমানে ছাড়কৃত গমের পরিমাণ	সমপরিমাণ অর্থের পরিমাণ (প্রতি মে. টন গমের মূল্য ২৮৫০৭.৭৫ টাকা হিসেবে)
৫	চাঁদপুর	সদর	লক্ষীপুর প্রকল্পের ১নং কমিউনিটি সেন্টারের মাটি ভরাট ও সংস্কার	১০৪.৭১৩ মে. টন	৫২.৩৫৬ মে. টন	৫২.৩৫৬ মে. টন	১৪৯২৫৫১.৭৫৯
৮	চাঁদপুর	সদর	হরিণা প্রকল্প সংলগ্ন চাঁদপুর-শরীয়তপুর-গোপালগঞ্জ ভাষাবীর এম এ ওয়াদুদ নতুন রাস্তা প্রশস্তকরণ ও সম্প্রসারণ	১০৪৮.২৪৮ মে. টন	৫২৪.১২৪ মে. টন	৫২৪.১২৪ মে. টন	১৪৯৪১৫৯৫.৯৬
৯	চাঁদপুর	সদর	গোক্ষরদী হরিণা প্রকল্পের ইলিশেপাড় পূর্ব পাড় হয়ে চালিতাতলী মৌজা পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ	১১০.৯১০ মে. টন	৫৫.৪৫৫ মে. টন	৫৫.৪৫৫ মে. টন	১৫৮০৮৯৭.২৭৬
১১	চাঁদপুর	সদর	ভাষাবীর এম এ ওয়াদুদ সড়ক হতে পদ্ম-শাপলা প্রকল্পের পশ্চিম পাশদিয়ে গোক্ষরদী নতুন রাস্তা নির্মাণ	১১৭.৩৬৯ মে. টন	৫৮.৬৮৪ মে. টন	৫৮.৬৮৪ মে. টন	১৬৭২৯৪৮.৮০১
১২	চাঁদপুর	সদর	ভাষাবীর এম এ ওয়াদুদ সড়ক হতে কাশফুল প্রকল্পের পূর্বপাশ হয়ে গোলাপফুল প্রকল্প পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ	১৪৯.৬৪৬ মে. টন	৭৪.৮২৩ মে. টন	৭৪.৮২৩ মে. টন	২১৩৩০৩৫.৩৭৮
১৩	চাঁদপুর	সদর	হরিণা প্রকল্পের মাটি ভরাট ও সংস্কার	১১২.৬৯৭ মে. টন	৫৬.৩৪৮ মে. টন	৫৬.৩৪৮ মে. টন	১৬০৬৩৫৪.৭
১৪	চাঁদপুর	সদর	পদ্মা প্রকল্পের মাটি ভরাট ও সংস্কার	১৫৮.৫৭৮ মে. টন	৭৯.২৮৯ মে. টন	৭৯.২৮৯ মে. টন	২২৬০৩৫০.৯৮
১৫	চাঁদপুর	সদর	গোক্ষরদী প্রকল্পের মাটি ভরাট ও সংস্কার	১১৫.০৭২ মে. টন	৫৭.৫৩৬ মে. টন	৫৭.৫৩৬ মে. টন	১৬৪০২২১.৯
					মোট	৯৫৮.৬১৫ মে. টন	২৭৩২৭৯৫৬.৭৬
কথায় ঃ দুই কোটি তিয়াত্তর লক্ষ সাতাশ হাজার নয়শত ছাপ্পান্ন দশমিক সাত ছয় টাকা মাত্র।							

D:\G O Financial expences 14-15\Community Ghatia others

২। জেলা প্রশাসক, চাঁদপুর বরাদ্দকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর এর অনুকূলে কাজের অগ্রগতি অনুযায়ী ধাপে ধাপে উপ-বরাদ্দ আদেশ জারী করবেন ।

৩। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০১৭ইং তারিখের মধ্যে প্রকল্পের মাটির কাজ সমাপ্ত করতে হবে।

৪। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৫। আর্থিক বিধি ও দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচীর কাবিটা পদ্ধতি অনুসরণ করে অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৬। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্যের সমপরিমাণ টাকা দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭(সাত) দিনের মধ্যে সমাপ্ত প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌছাতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।

৭। এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের বাজেটে অর্থ বিভাগের অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা (৩-০৯২৩-০০০০-৬৬৫১) খাত হতে নির্বাহ করা হবে।

৮। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৭ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬,তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১০। মহামান্য হাইকোর্টের গত ০৬/০৬/২০১৭ তারিখের রিট পিটিশন নম্বর ৫২৫৯/২০১৭ এর রায়ের এনেক্সার 'ই' অনুযায়ী ১৬টি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত অর্থ ছাড় করা হলো। জেলা প্রশাসক চাঁদপুর কর্তৃক সমাপ্তি প্রতিবেদন প্রদানের পর পরবর্তী চাহিদা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

১১। মাটির কাজ শুরু করার পূর্বে লেভেল সার্ভে করে মাটির কাজ বাস্তবায়ন করতে হবে। লেভেল সার্ভের কপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রকল্প বাস্তবায়নে দৈত্বতা পরিহার করতে হবে।

১২। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত ''emboss '' সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।
সংযুক্ত ঃ প্লান, ডিজাইন ও প্রাক্কলন।

আপনার একান্ত,

২৯/৬/২০১৭

(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
ফোন ঃ ৯১২৪১০০

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

১। অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, চাঁদপুর।
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/চাঁদপুর ।
৭। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর/চাঁদপুর ।
৮। প্রকল্প নথি/অফিস কপি।